**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/6/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটজুড়ে শিল্পকলা বিষয়ক সংগঠনের জন্য 90 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল ফান্ডিংয়ের কথা ঘোষণা করলেন

***রূপান্তরমূলক প্রকল্পের সহায়তায় আর্টস ক্যাপিটাল প্রকল্পের তহবিলে নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল 19টি শিল্প ও সাংস্কৃতিক সংগঠনকে অর্থায়ন করবে***

***উপরন্তু, পরিদর্শকের অভিজ্ঞতা বাড়াতে এবং কর্মী ও শিল্পকর্মের নিরাপত্তা সুরক্ষিত করতে স্ট্রম কিং আর্ট সেন্টারের পুনরুন্নয়নের জন্য যুগান্তকারী ঘোষণা করলেন***

***বড়-আকারে স্থাননির্ণয় এবং কমিউনিটি উন্নয়নের প্রকল্প সহজতর করতে নিউ ইয়র্কের শিল্প ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের ক্যাপিটার প্রকল্পে গভর্নরের 150 মিলিয়ন ডলারের ঐতিহাসিক বিনিয়োগের অংশ হিসাবে***

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেট কাউন্সিলের আর্টস ক্যাপিটাল প্রকল্পের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটজুড়ে 19টি শিল্প ও সাংস্কৃতিক সংগঠনে বড়-আকারের ক্যাপিটার প্রকল্পগুলোর জন্য অর্থায়নে 90.5 মিলিয়ন মার্কিন ডলারের একটি রেকর্ড ঘোষণা করেছেন। ঘোষণাটি, যা এপ্রিল মাসে ঘোষিত ছোট ও মাঝারি-আকারের ক্যাপিটাল প্রকল্পে 42 মিলিয়ন মার্কিন ডলারের একটি বিনিয়োগ অনুসরণ করে, তা গভর্নরের আর্টসের জন্য ক্যাপিটাল উন্নয়নে ঐতিহাসিক 150 মিলিয়ন বিনিয়োগের অংশ। গভর্নর হোকল স্ট্রম কিং আর্ট সেন্টারে ক্যাম্পাস-জুড়ে উন্নয়ন প্রকল্পে যুগান্তকারী পরিবর্তনের জন্য নতুন অর্থায়নের কথা ঘোষণা করে, যা মিড-হাডসন অঞ্চলে অবস্থিত একটি 500-একরের আউটডোর জাদুঘর এবং 7.5 মিলিয়ন মার্কিন ডলার NYSCA বৃহৎ ক্যাপিটাল উন্নয়ন অনুদানের প্রাপক।

"নিউ ইয়র্ক সিটি থেকে নর্থ কান্ট্রি পর্যন্ত, আমরা আমাদের স্টেটের বলিষ্ঠ শিল্প ও সংস্কৃতি ক্ষেতে বিনিয়োগ করে চলেছি যাতে সমস্ত নিউ ইয়র্কবাসী, তাদের পটভূমি নির্বিশেষে, নিশ্চিতভাবে শিল্পের রূপান্তরমূলক ক্ষমতায় অ্যাক্সেস পান," **বলেন গভর্নর হোকল।** "অ্যাক্সেসযোগ্য এবং স্থিতিশীল সাংস্কৃতিক জায়গাগুলো নিয়ে এই ভাগ করা দৃষ্টিভঙ্গির জন্য আমাদের অভূতপূর্ব সমর্থনের পরিণতিতে একটি আরও মজবুত অর্থনীতি, আরও চাকরি এবং নিউ ইয়র্কবাসী এবং সারা বিশ্ব থেকে আসা আমাদের দর্শনার্থীদের জন্য উন্নত কমিউনিটি ও ব্যক্তিগত স্বাস্থ্য তৈরি হবে।"

মিড-হাডসন আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Mid-Hudson Regional Economic Development Council)-এর সুপারিশে - NYSCA-এর সহায়তার সাথে অতিরিক্তভাবে, স্ট্রম কিং আর্ট সেন্টারের ফান্ডিংয়ে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট 3 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান দিয়েছে – একটি 2 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল অনুদান এবং একটি 1.2 মিলিয়ন মার্কিন ডলারের মার্কেট নিউ ইয়র্ক অনুদান। উপরন্তু, কেন্দ্রটিতে নিউ ইয়র্ক স্টেটের সহায়তা 11 মিলিয়ন মার্কিন ডলারের উপর এনে, NYSERDA প্রকল্পটিতে 600,000 মার্কিন ডলার দান করেছে।

শিল্প ও সংস্কৃতির সহায়তায় NYSCA স্টেটজুড়ে সেইসব শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোকে বড় ক্যাপিটাল উন্নয়নে অনুদান দেয় যারা কার্যকর, বৃহৎ-আকারের ক্যাপিটাল উন্নয়ন প্রকল্পের দায়িত্ব নিচ্ছে। প্রকল্পগুলোর জন্য অনুদান 2 মিলিয়ন মার্কিন ডলার থেকে শুরু করে 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত, যাদের মোট খরচ 4 মিলিয়ন মার্কিন ডলার বা তার অধিক। এই অনুদান সাংস্কৃতিক কর্মসূচি সম্প্রসারণে, নতুন এবং বৈচিত্র্যময় দর্শকদের কাছে পৌঁছাতে এবং অ্যাক্সেসিবিলিটির প্রচার করতে বিনিয়োগে সহায়তা করবে। সেইসাথে এই অনুদানগুলো স্টেটের বৈচিত্র্যময়তা, সমতা এবং অন্তর্ভুক্তকরণের লক্ষ্যগুলোকে অগ্রসর করতে সহায়তা করবে এবং সামাজিক সমতা উদ্যোগে অঙ্গিকারবদ্ধ থাকতে এবং সকল নিউ ইয়র্কবাসীদের পরিষেবা দেয় এমন অ্যাক্সেস পরিকল্পনায় সকল অনুদানকারীর প্রয়োজন হবে। NYSCA-এর বড় ক্যাপিটাল উন্নয়ন অনুদানের প্রোগ্রাম এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে সহযোগীতায় পরিচালিত হয়, যা স্থানীয় স্থান নির্ণয়, কমিউনিটি উন্নয়ন এবং ডাউনটাউন পুনরুজ্জীবনমূলক প্রচেষ্টায় সহায়তার জন্য প্রকল্পগুলোর সম্ভাবনা মূল্যায়নে আবেদনগুলো পর্যালোচনা করে।

স্ট্রম কিং আর্ট সেন্টারে করা অনুদান দুটি নতুন বিল্ডিং উপকরণ নির্মাণের মাধ্যমে দর্শনার্থীদের অভিজ্ঞতা বাড়াবে: ওয়েলকাম সিকোয়েন্স ও কনসারভেশন, ফেব্রিকেশন এবং রক্ষণাবেক্ষণের বিল্ডিং। ওয়েলকাম সিকোয়েন্স পার্কিংয়ের ক্ষমতা দ্বিগুণ করে, ট্র্যাফিক অপসারণ করে এবং অতিথি আগমনে ও দলগত ট্যুরে থাকার ব্যবস্থা করতে নতুন ফেসিলিটি যোগ করে দর্শনার্থীদের আগমন সহজতর করতে সাহায্য করবে। কনসারভেশন, ফেব্রিকেশন এবং রক্ষণাবেক্ষণের বিল্ডিং হবে স্ট্রম কিংয়ের সর্বপ্রথম উদ্দেশ্য প্রণোদিতভাবে নির্মিত জায়গা, যা তাদের ফেব্রিকেশনে শিল্পীদের সাথে কাজ করার সুযোগ দেবে, অনসাইটে গুরুত্বপূর্ণ শিল্পকর্ম সংরক্ষণ করে তাদের সংগ্রহ আরও ভালোভাবে দেখাশোনা করবে এবং কর্মীদের নিরাপদ, সুসজ্জিত ফেসিলিটিগুলো দেবে। স্ট্রম কিংয়ে জমি সংরক্ষণ এবং পরিবেশগত শিক্ষাকে শক্তিশালী করে, নতুন কেন্দ্রটিতে সমস্ত-ইলেকট্রিক বিল্ডিং সহ স্থিতিশীলতা এবং ওয়েলকাম সিকোয়েন্সের জন্য LEED গোল্ড সার্টিফিকেশনেও অগ্রাধিকারও দেবে।

স্ট্রম কিং আর্টস সেন্টারের সাথে অতিরিক্তভাবে, আজ ঘোষিত অন্যান্য NYSCA অনুদান গ্রাহকের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

**হাডসন ভ্যালি শেক্সপিয়ার উৎসব, ফিলিপসটাউন: লীড-শংসায়িত মুক্ত মঞ্চ এবং ইকোলজিক্যাল জমি পুনরুদ্ধার (LEED-Certified Outdoor Theater and Ecological Land Restoration)**

- এই প্রকল্পটি শিক্ষামূলক প্রোগ্রামগুলোকে নিজের সাথে জড়িয়ে এবং স্থায়ীভাবে সংরক্ষিত হয়েছে এমন জমিতে অ্যাক্সেস পেয়ে, একটি সাম্প্রতিক অধিকৃত 94-একরের জায়গাকে একটি ডেস্টিনেশন ক্যাম্পাসে রূপান্তরিত করবে, যা বছর-ব্যাপী বিশ্ব-মানের পারফরম্যান্সের জন্য উন্মুক্ত থাকবে।

**লেক প্লেসিড অ্যাসোসিয়েশন অফ মিউজিক, ড্রামা অ্যান্ড আর্ট, লেক প্লেসিড: নতুন আর্টস কেন্দ্রের নির্মাণ**

- এই প্রকল্পের মাধ্যমে একটিন নতুন আধুনিক আর্টস কমপ্লেক্স নির্মাণ করা হবে, নর্থ কাউন্টিতে শৈল্পিক উৎকর্ষতার একটি গন্তব্য এবং সাংস্কৃতিক পর্যটনকে উৎসাহ দেওয়ার জন্য অপরিহার্য বাহন।

**ন্যাশনাল ব্ল্যাক থিয়েটার ওয়ার্কশপ, নিউ ইয়র্ক সিটি: নতুন পার্ফর্মিং আর্টস সেন্টারের নির্মাণ**

- NYSCA-এর ফান্ড একটি অনন্য, বহু-উদ্দেশ্যমূলক আর্টস এবং চাকরি-প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণে সাহায্য করবে যা একটি বিশ্ব-মানের শিল্প কেন্দ্র, সাংস্কৃতিক ও শিক্ষামূলক প্রোগ্রামিং, চাকরি প্রশিক্ষণ পরিষেবা এবং সৃজনশীল ক্ষেত্রের উদ্যোগীদের জন্য একটি ইনকিউবেটর প্রদান করবে।

NYSCA-এর অনুদান গ্রাহকদের পূর্ণ তালিকা রয়েছে এখানে।

সেপ্টেম্বর 2022 এ, গভর্নর হোকল নিউ ইয়র্কের শিল্প এবং সাংস্কৃতি প্রতিষ্ঠানের সহায়তায় এবং কমিউনিটির উন্নয়ন এবং স্থান নির্ণয়ে অগ্রাধিকার দেয় এমন বৃহৎ আকারের ক্যাপিটাল প্রকল্পগুলো সহজতর করতে 150 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল প্রজেক্ট ফান্ডের কথা ঘোষণা করেছিলেন। ক্যাপিটাল প্রজেক্টস ফান্ড ছাড়াও NYSCA 2023 অর্থবছরের জন্য শিল্প প্রতিষ্ঠান ও শিল্পীদের 90 মিলিয়ন মার্কিন ডলার মূলধন নয় এমন অনুদান প্রদান করেছে।

**নিউ ইয়র্ক স্টেটের আর্টস কাউন্সিলের নির্বাহি ডিরেক্টর মারা মানুস বলেন,** "এই রোমাঞ্চকর শিল্প ও সংস্কৃতির ক্যাপিটাল প্রকল্পগুলো আগামী বহু দশকের জন্য আমাদের সেক্টরের দীর্ঘায়ু এবং স্থায়ীত্ব নিশ্চিত করবে। উপরন্তু, এই প্রকল্পগুলো প্রত্যেক কমিউনিটি, মেইন স্ট্রিট ব্যবসা এবং কর্মচারীদের ব্যাখ্যামূলক রিটার্ন এনে দেবে। আমরা গভর্নর এবং আমাদের স্টেটের নেতাদের কাছে ল্যান্ডমার্ক ফান্ডিংয়ে এই ঐতিহাসিক 90 মিলিয়ন মার্কিন ডলারের জন্য এবং আমাদের নিউ ইয়র্ক আর্টস অ্যান্ড কালচার স্পেসের মাধ্যমে পরিমেয় সুবিধা প্রদান করা হয় বলে তাদের স্বীকৃতির জন্য সত্যিই কৃতজ্ঞ। শিল্প ও সংস্কৃতির জন্য ক্যাপিটার প্রজেক্টে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ বিভিন্ন সম্প্রসারণে, অপরিহার্য কেন্দ্রের উন্নয়নে এবং কমিউনিটি-নির্মামের কৌশলগুলোকে সহায়তা করবে যা সকল নিউ ইয়র্কবাসী এবং আমাদের দর্শনার্থীদের জন্য স্বাস্থ্য, নিরাপত্তা এবং অ্যাক্সেসযোগ্যতার প্রচার করবে।"

**নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন আর্টস (New York State Council on the Arts)-এর প্রধান ক্যাথরিন নিকোলস বলেছেন,** "আর্টসের জন্য ক্যাপিটাল প্রোজেক্টগুলো দৃষ্টিভঙ্গিকে বাস্তবিক রূপ দিয়েছে। এগুলো সমস্ত বয়সী শিক্ষার্থীদের আরও ভালো পরিষেবা দিতে চাকরি

তৈরি, আরও শক্তিশালী কমিউনিটি নির্মাণ এবং সাংস্কৃতিক সংগঠনকে ক্ষমতায়ন করার মাধ্যমে দীর্ঘস্থায়ী প্রভাব সৃষ্টি করে। NYSCA কর্মী, কাউন্সিল এবং আমাদের শিল্প ও সংস্কৃতি সম্প্রদায়ের পক্ষ থেকে, আমি এই অতি-প্রভাবশালী অনুদানে সহায়তা, আগামী প্রজন্মে নিউ ইয়র্কবাসীদের অর্থনীতি এবং ব্যক্তিগত স্বাস্থ্যের উন্নতিতে সমর্থনের জন্য গভর্নর হোকল এবং আমাদের স্টেটের বিধানসভাকে ধন্যবাদ জানাতে চাই।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনা হোপ নাইট বলেন,** "স্ট্রম কিং আর্টস সেন্টার, নিউ ইয়র্ক স্টেটের অন্যতম দর্শনীয় এবং অনন্য গন্তব্য, বিশ্ব জুড়ে দর্শনার্থীদের আকর্ষণ করে এবং মিড-হাডসন অঞ্চলের একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক চালক। ESD স্ট্রম কিংয়ের সম্প্রসারণে সাহায্য করতে পেরে গর্বিত, যার ফলে আরও আবাসিক এবং দর্শনার্থী আগামী বহু বছর ধরে প্রাকৃতিক সৌন্দর্য এবং অভিভূত হওয়ার মতো প্রদর্শনী উপভোগ করতে পারেন।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভাইস প্রেসিডেন্ট এবং পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি. লেভি বলেন**, "মার্কেট নিউ ইয়র্ক (Market New York) কর্মসূচির মাধ্যমে, আই লাভ NY ( I LOVE NY) স্ট্রম কিংয়ের মতো নিউ ইয়র্কের বিশ্ব-মানের শিল্প ও সাংস্কৃতিক আকর্ষণে ক্যাপিটাল প্রোজেক্টকে সমর্থন করে গর্বিত। স্ট্রম কিং একটি সত্যিকারের অনন্য দর্শনার্থীর অভিজ্ঞতার সুযোগ দেয় যা হাডসন ভ্যালির যেকোনও গ্রীষ্মকালীন গেটওয়ের পরিপূরক এবং দর্শনার্থী এবং আবাসিকদের একইভাবে নিউ ইয়র্ক পছন্দ হওয়ার আরেকটি কারণ।"

**নিউ ইয়র্ক স্টেটের শক্তি ও গবেষণা কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন** এম. **হ্যারিস বলেন,** "স্ট্রম কিং প্রকল্প শক্তি দক্ষতা এবং বৈদ্যুতিকরণের বৈশিষ্ট্য সহযোগে স্বচ্ছ ও স্থিতিস্থাপক নকশার একটি মডেল এবং NYSERDA এই কাজে সহায়তার জন্য গর্বিত। এটি আমাদের ক্রমবর্ধমান সবুজ অর্থনীতির অন্যতম একটি শাখা হিসেবে স্টেট জুড়ে শিল্প ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সহায়তায় নিউ ইয়র্ক স্টেটের উদ্ভাবনের স্পৃহা এবং প্রতিশ্রুতিকে মূর্ত করে।"

**স্টেট সেনেটর জেমস স্কোফিস বলেন,** "যখন নিউ ইয়র্ক স্টেট আর্টসে বিনিয়োগ করছে, তখন আমরা পর্যটন, চাকরি এবং আমাদের কমিউনিটিগুলোর সাংস্কৃতিক ও সামাজিক স্বাস্থ্যের প্রতিও বিনিয়োগ করছি। স্ট্রম কিং আর্ট সেন্টার হাডসন ভ্যালির সাংস্কৃতিক কাঠামোয় একটি গুরুত্বপূর্ণ খেলোয়াড় এবং আমি সংস্থাটিকে ভবিষ্যতে কেমন দেখাবে তার জন্য গভর্নর এবং NYSCA-এর সমর্থনকে সাধুবাদ জানাই।"

**অ্যাসেম্বলিসদস্য ক্রিস ইচাস বলেন,** "স্ট্রম কিং আর্ট সেন্টার অরেঞ্চ কাউন্টি এবং হাডসন ভ্যালির একটি রত্ন। সেন্টারটি বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে কয়েকশো হাজার দর্শনার্থীদের অনুপ্রাণিত করে এবং তাদের এমন এক সুন্দর ল্যান্ডস্কেপের সাথে পরিচয় করায় যা শুধুমাত্র নিউ ইয়র্কই দিতে পারে। আমি আমার ডিস্ট্রিক্টে গভর্নর হোকল এবং আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের কাছে তাদের অত্যন্ত উদার ফান্ডিংয়ের জন্য কৃতজ্ঞ যা স্ট্রম কিংকে তাদের

উদ্যোগী ক্যাপিটাল প্রচারাভিযানের মধ্য দিয়ে যাওয়ার সুযোগ দেবে। আমাদের কমিউনিটিতে এই বিনিয়োগ একটি শক্তিশালী বার্তা পাঠায় যে নিউ ইয়র্ক শিল্পের এক সাংস্কৃতিক কেন্দ্র, আমাদের পরিবেশ রক্ষা করার জন্য এক জাতীয় নেতা এবং পর্যটকদের জন্য একটি আদি গন্তব্য।"

**স্ট্রম কিং আর্ট সেন্টারের প্রেসিডেন্ট জন পি. স্টার্ন বলেন** "আমরা স্ট্রম কিংয়ের অন্যতম প্রথম ক্যাপিটাল প্রোজেক্টের যুগান্তকারী উদ্বোধন করতে পেরে রোমাঞ্চিত। আমরা শিল্প ও প্রকৃতির অভূতপূর্ব অভিজ্ঞতা সম্প্রসারণ এবং বজায় রাখার একটি অঙ্গিকার নিয়ে এই প্রকল্পের সূচনা করেছি যা স্ট্রম কিং তার দর্শনার্থী, শিল্পী এবং কমিউনিটিকে প্রদান করে। আজকের রোমাঞ্চকর মাইলস্টোনে পৌঁছানোর জন্য NYSCA, ESD এবং NYSERDA অনুদানের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের সহায়তা অপরিহার্য। আমি তাদের অংশীদারীত্বে কৃতজ্ঞ, যা আমাদের ভবিষ্যত প্রজন্মের কাছে স্ট্রম কিংয়ের অসাধারণ সাইট এবং সংগ্রহ ভাগ করার সুযোগ দেবে।"

**মিড-হাডসন আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের সহ-সভাপতি ড. মার্শা গর্ডন, দ্য বিজনেস কাউন্সিল অব ওয়েস্টচেস্টার (The Business Council of Westchester)-এর প্রেসিডেন্ট ও CEO এবং SUNY অরেঞ্জ–এর প্রেসিডেন্ট ড. ক্রিস্টিন ইয়ং বলেন,** "আঞ্চলিক কাউন্সিলের "live, work, play" কৌশলের মাধ্যমে, আমরা আমাদের আবাসিকদের জীবনের মান উন্নত করতে এবং একটি প্রিমিয়ার পর্যটন স্থান হিসাবে অঞ্চলটির পরিচয় শক্তিশালী করার দিকে মনোযোগ দিয়েছি। স্ট্রম কিং আর্টম সেন্টারে এই বিনিয়োগ বাড়তি দর্শনার্থীর সময় নির্বাহকে আকর্ষণ করবে এবং অঞ্চলটি জুড়ে অর্থনৈতিক সমৃদ্ধি উদ্দীপিত করবে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418